



## জাবিতে দুই হলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষে শিক্ষক ওসিসহ আহত ৬৬

প্রকাশিত: ০৮ - জুলাই, ২০১৯ ১২:০০ এ. এম.

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মওলানা ভাসানী হল ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষে পুলিশের ওসি, দুই সহকারী প্রষ্টরসহ ৬৬ জন আহত হয়েছেন। বুধবার দুপুর আড়াইটার দিকে বিশ্ববিদ্যালয়ের বটতলায় দুই হলের শিক্ষার্থীদের মধ্যে এ সংঘর্ষ বাধে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, গতকাল বুধবার দুপুর দুটার দিকে বিশ্ববিদ্যালয়ের বটতলার একটি চায়ের দোকানে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের ৪৫তম ব্যাচের শিক্ষার্থী সৌরভ কাপালির সঙ্গে নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের ৪৬তম ব্যাচের শিক্ষার্থী দ্বীপ বিশ্বাসের ধাক্কা লাগে। এতে ক্ষিণ্ঠ হয়ে দীপ বিশ্বাসকে থাক্কড় দেন সৌরভ। এরপর দ্বীপ বিশ্বাস ও তার সঙ্গে থাকা বাংলা বিভাগের ৪৬তম ব্যাচের আলিফ হাসান ওরফে দীপের সঙ্গে কাপালির হাতাহাতির ঘটনা ঘটে। কিছুক্ষণের মধ্যে সৌরভের সমর্থনে সেখানে মওলানা ভাসানী হলের আরও ১০-১৫ শিক্ষার্থী উপস্থিত হয়ে বঙ্গবন্ধু হলের শিক্ষার্থী দ্বীপ ও আলিফকে মারধর করেন।

এ ঘটনার জেরে বেলা সোয়া দুটার দিকে দুই হল থেকে রামদা, চাপাতি, ছুরি, রড, লাঠিসেঁটা, ইট-পাটকেল নিয়ে প্রায় ৪০০ শিক্ষার্থী বটতলা এলাকায় অবস্থান নেয়। এরপর সোয়া দুটা থেকে বিকেল সাড়ে তিনটা পর্যন্ত দুই পক্ষের মধ্যে দফায় দফায় সংঘর্ষ ও ধাওয়া পাল্টা ধাওয়া চলতে থাকে। এসময় দুপক্ষের মধ্যে অন্তত ১৫ রাউন্ড গুলি বিনিময় হয়। তবে কেউ গুলিবিন্দু হয়নি। দুপক্ষ থেকে ছোড়া ইটপাটকেলের আঘাতে আহত ৬৬ জনকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্র ও সাভারের হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। সংঘর্ষ থামাতে গিয়ে আহত হন দুই সহকারী প্রষ্টর সহকারী অধ্যাপক মেহেদী ইকবাল ও প্রভাষক মহিবুর রোফ শৈবাল। বিকেল তিনটায় অর্ধশতাধিক পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে টিয়ারশেল নিষ্কেপ করে। এ সময় আহত হন আশুলিয়া থানার ওসি রিয়াজুল হক দিপু।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর আ স ম ফিরোজ-উল হাসান বলেন, শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়েছে। এতে কয়েকজন আহত হয়েছে। তাদের উদ্বার করে মেডিক্যাল সেন্টারে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ এন্ড টেকনিশিয়াল সেন্টার, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By  
**Bikiran.Com**